**⁕ বাণিজ্যিক ব্যাংকের ঋণ সৃষ্টির প্রক্রিয়া আলোচনা কর।**

উঃ বাণিজ্যিক ব্যাংকগুলো সামগ্রিকভাবে তাদের রিজাভের নগদ অর্থের চেয়ে বহুগুণ ঋণ সৃষ্টি করতে পারে। ব্যাংক ২ ভাবে এ কাজ করতে পারে। যথা: ১. ব্যাংকে ব্যক্তি বা প্রতিষ্ঠান তাদের উদ্বৃত্ত অর্থ জমা রাখলে তা দিয়ে ব্যাংক ঋণ সৃষ্টি করতে পারে।
২. ব্যাংক ঋণ প্রদানে আগ্রহী হলে ঋণ গ্রহীতার নামে একটি হিসাব খুলে ঋণের টাকা ঐ হিসাবে জমাদান পূর্বক চেকের মাধ্যমে তা উঠানোর ব্যবস্থা করে। আমানতকারী ব্যাংকে যে টাকা রাখে ব্যাংক তার অভিজ্ঞতা থেকে ধরে নেয় উত্তোলনকারী সব টাকা একসাথে তুলবে না। তাই ব্যাংক আমানতের নির্দিষ্ট পরিমান রিজাভ রাখে, বাকি টাকা ঋণ দেয়। ব্যাংক তার আমানতের কতগুণ বেশি সৃষ্টি করতে পারে তা নির্ভর করে তার রিজার্ভের হারের উপর।
মনে করি, একজন ব্যক্তি 'ক' ব্যাংকে ১০০০ টাকা জমা রাখে। ব্যাংক ১০% রিজার্ভ রেখে বাকি টাকা ঋণ হিসেবে দিয়ে দেয়।
উপরোক্ত অনুমিতির ভিত্তিতে নিম্নে ঋণ সৃষ্টির প্রক্রিয়া ছকে দেখানো হল।

**'ক' ব্যাংক**

| দেনা | পাওনা |
|---|---|
| প্রাথমিক আমানত = ১০০০ টাকা | নগদ জমা = ১০০ টাকা<br>ঋণ সৃষ্টি = ৯০০ টাকা |
| মোট = ১০০০ টাকা | মোট = ১০০০ টাকা |

'ক' ব্যাংক ১০০০ টাকা জমা রেখে ৯০০ টাকা ঋণ দেয়। যারা ঋণ নেয়, তারা যাদের কাছ থেকে দ্রব্য ক্রয় করে, ঐ বিক্রেতা আবার ৯০০ টাকা 'খ' ব্যাংকে জমা রাখে।

**'খ' ব্যাংক**

| দেনা | পাওনা |
|---|---|
| প্রাথমিক আমানত = ৯০০ টাকা | নগদ জমা = ৯০ টাকা<br>ঋণ সৃষ্টি = ৯০০ টাকা |
| মোট = ৯০০ টাকা | মোট = ৯০০ টাকা |

'খ' ব্যাংক থেকে ৮১০ টাকা ঋণ নিয়ে দ্রব্য বিক্রয়ের মাধ্যমে ঐ টাকা 'গ' ব্যাংক জমা রাখে।

**'গ' ব্যাংক**

| দেনা | পাওনা |
|---|---|
| প্রাথমিক আমানত = ৮১০ টাকা | নগদ জমা = ৮১ টাকা<br>ঋণ সৃষ্টি = ৭২৯ টাকা |
| মোট = ৮১০ টাকা | মোট = ৮১০ টাকা |

∴ সমগ্র ব্যাংকের ঋণ সৃষ্টি হয় (১০০০+৯০০+৮১০+৭২০+......+.....+০)
=১০,০০০ টাকা

মোট আমানত সৃষ্টি=প্রাথমিক আমানত × $\frac{১}{\text{রিজার্ভের অনুগত}}$

$$= ১০০০\times\frac{১}{\frac{১০}{১০০}}$$

$$= ১০০০\times\left(১\times\frac{১০০^{১০}}{১০}\right)$$

$$= ১০০০\times১০$$

$$= ১০০০ \text{ টাকা}$$